তারিখ ... 13.10.84 ...
পৃষ্ঠা ... 5 কলাম ... 1 ...

দৈনিক বাংলা

00 016

# প্রাথমিক শিক্ষক নিয়োগ

চার হাজার শূন্যপদে প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হবে। শুক্রবার এ ধরনের একটি ঘোষণা ঢাকার দৈনিকগুলিতে প্রকাশিত হয়েছে। এরমধ্যে শতকরা ৫০ জন শিক্ষিকা নিযুক্ত হবেন। বিশ ভাগ সংরক্ষিত থাকবে শিক্ষক-শিক্ষিকাদের পোষ্যদের জন্যে। আগামী নবেম্বরের মধ্যে এ শূন্যপদ পূরণের জন্যে উপজেলা কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া হয়েছে।

প্রাথমিক শিক্ষক নিয়োগ নিয়ে অনেক কথাবার্তা দেশে আছে। শিক্ষক নিয়োগের পদ্ধতি নিয়ে মতান্তর আছে, কর্তৃপক্ষ ও শিক্ষক প্রতিষ্ঠানগুলির মধ্যে। অধুনা উপজেলা পর্যায়ে শিক্ষাকর্তৃপক্ষ প্রাথমিক শিক্ষক নিয়োগ করে থাকে। এই কর্তৃপক্ষের শিক্ষকের প্রতিনিধি নিয়ে মতানৈক্য আছে। এ মতানৈক্য নিরসনের জন্য অনেক দেন-দরবার হয়েছে। কিন্তু কাজে আসেনি।

বছরখানেক আগে বিভিন্ন উপজেলা পর্যায়ে বেশ কিছু সংখ্যক প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হয়েছে। এই নিয়োগ নিয়ে অনেক দুঃখজনক ঘটনা ঘটে গেছে। অনেক মহলের মতে এ শিক্ষক নিয়োগে মেধার চেয়ে অর্থের কৌলিন্যই মুখ্য ভূমিকা পালন করেছে। এবার এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে এ আশা করা নিশ্চয়ই অন্যায় হবে না।

শিক্ষক নিয়োগ নিয়ে আরো দুটি সমস্যা লক্ষ্য করা যায়। এর একটি সমস্যা হচ্ছে অননুমোদিত প্রাইমারী বিদ্যালয় নিয়ে। অপরটি পিটিআই ছাত্রদের আন্দোলন নিয়ে। দেশে ছয় থেকে সাত হাজার অননুমোদিত প্রাইমারী বিদ্যালয় আছে। অনেক কষ্টের মধ্য দিয়ে এ বিদ্যালয়গুলি চলছে। অথচ পুরোপুরি বেসরকারী উদ্যোগে এ বিদ্যালয়গুলি চালু রাখা একান্তই অসম্ভব।

পিটিআই ছাত্রদের আন্দোলন প্রসঙ্গে আমাদের কথা হচ্ছে, আমরা চাই বা না চাই এদের আন্দোলনের ফলে দীর্ঘদিন যাবত ট্রেনিং ইনস্টিটিউটগুলি বন্ধ আছে। প্রশিক্ষণের ক্ষেত্রে অচলাবস্থার সৃষ্টি হয়েছে এ পরিস্থিতি প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় প্রতিকূল পরিবেশ সৃষ্টি করছে তাই এ ব্যাপারেও অবিলম্বে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন।